The Bangladesh Monitor - A Premier Travel Publication

# পাকিস্তানে ই-পাসপোর্ট সেবা উদ্বোধন

- A Monitor Desk Report Date: 21 September, 2025

**ঢাকাঃ পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে বাংলাদেশ হাইকমিশনে আনুষ্ঠানিকভাবে চালু হলো ই-পাসপোর্ট কার্যক্রম।**

শুক্রবার (১৯ সেপ্টেম্বর) সকালে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ সেবার উদ্বোধন করেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গণি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাকিস্তানে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার মো. ইকবাল হোসেন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক কমান্ডার মো. শোয়েব খান।

কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয় এবং শেষে দেশের শান্তি ও সমৃদ্ধি কামনায় বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। এ সময় হাইকমিশনের কর্মকর্তা-কর্মচারী, তাদের পরিবারের সদস্য এবং প্রবাসী বাংলাদেশিরা উপস্থিত ছিলেন।

হাইকমিশনে ই-পাসপোর্ট কার্যক্রম চালুর ফলে পাকিস্তানে অবস্থানরত বাংলাদেশি নাগরিকরা আরও আধুনিক ও দ্রুত সেবা পাবেন। একইসঙ্গে দুই দেশের জনগণের পারস্পরিক যোগাযোগ ও দূতাবাস কার্যক্রম আরও সহজ হবে বলে আশা প্রকাশ করেছেন কর্মকর্তারা।

বাংলাদেশ সরকার ইতিমধ্যে বিশ্বের বিভিন্ন দেশে অবস্থিত দূতাবাস ও হাইকমিশনে ধাপে ধাপে ই-পাসপোর্ট সেবা চালু করছে। এর মাধ্যমে প্রবাসীদের ভ্রমণ ও নাগরিক সেবায় এক নতুন অধ্যায়ের সূচনা হলো ইসলামাবাদে।

-B